

সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ২১৩১

১১/ কাফফারাসমুহ (كتاب الكفارات)

পরিচ্ছেদঃ ১১/১৮. মান্নত পূর্ণ করা।

بَابُ الْوَفَاءِ بِالنَّذْرِ

আরবী

حَدَّثَنَا أَبُو بَكْرٍ بْنُ أَبِي شَيْبَةَ، حَدَّثَنَا مَرْوَانُ بْنُ مُعَاوِيَةَ، عَنْ عَبْدِ اللَّهِ بْنِ عَبْدِ الرَّحْمَنِ الطَّائِفِيِّ، عَنْ مَيْمُونَةَ بِنْتِ كَرْدَمِ الْيَسَارِيَّةِ، أَنَّ أَبَاهَا، لَقِيَ النَّبِيَّ - صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ - وَهِيَ رَدِيفَةُ لَهُ فَقَالَ إِنِّي نَذَرْتُ أَنْ أَنْحَرَ بِبُوَانَةَ فَقَالَ رَسُولُ اللَّهِ - صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ - "هَلْ بِهَا وَثَنْ" . قَالَ لَا . قَالَ "أُوفِ بِنَذْرِكَ" .

حَدَّثَنَا أَبُو بَكْرٍ بْنُ أَبِي شَيْبَةَ، حَدَّثَنَا أَبْنُ دُكَينٍ، عَنْ عَبْدِ اللَّهِ بْنِ عَبْدِ الرَّحْمَنِ، عَنْ يَزِيدَ بْنِ مَقْسُمَ، عَنْ مَيْمُونَةَ بِنْتِ كَرْدَمٍ، عَنِ النَّبِيِّ - صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ - بِنَحْوِهِ .

বাংলা

৩/২১৩১। মায়মূনা বিনতে কারদাম আল-ইয়াসারিয়া (রাঃ) থেকে বর্ণিত। তার পিতা নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর সাথে সাক্ষাৎ করেন। তখন মায়মূনা তার পিতার সাথে একই বাহনে তার পিছনে বসা ছিলেন। তিনি (পিতা) বললেন, আমি বুয়ানা নামক স্থানে একটি কুরবানী রার মান্নত করেছি। রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম জিজ্ঞেস করেনঃ সেখানে কি কোন মূর্তি আছে? তিনি বলেন, না। তিনি বলেনঃ তোমার মান্নত পূর্ণ করো।

৩/২১৩১ (১)। আবু বকর বিন আবু শায়বাহ-ইবনু দুকাইন, আবদুল্লাহ বিন আবদুর রহমান-ইয়াযিদ বিন মিকসাম মাইমূনাহ বিনতে কারদাম সূত্রে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম হতে অনুরূপ হাদিস বর্ণনা করেন।

English

It was narrated from Maimunah bint Kardam Al-Yasariyyah that :
her father met the Prophet (ﷺ) when she was riding behind him. He said: "I

vowed to offer a sacrifice at Buwanah." The Messenger of Allah (ﷺ) said: "Is there any idol there?" He said: "No." He said: " Fulfill your vow." (Hasan)Another chain with similar wording.

ফুটনোট

আবু দাউদ ৩৩১৪, আহমাদ ২৬৫২৪, বায়হাকী ৬/২৮৩

তাহকীক আলবানীঃ সহীহ । উক্ত হাদিসের রাবী আবদুল্লাহ বিন আব্দুর রহমান আত-তায়ফী সম্পর্কে আহমাদ বিন শু'আয়ব আন-নাসায়ী বলেন, তার থেকে হাদিস গ্রহণ করা যায় তবে তিনি নির্ভরযোগ্য নয় । ইবনু হাজার আল-আসকালানী বলেন, তিনি সত্যবাদী তবে হাদিস বর্ণনায় সন্দেহ ও ভুল করেন । ইয়াহইয়া বিন মাস'ইন বলেন, তিনি দুর্বল । (তাহফীবুল কামালঃ রাবী নং ৩৩৮৮, ১৫/২২৬ নং পৃষ্ঠা)

হাদিসের মান: সহীহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=38821>

 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন